শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৩.২০১৮-১০

তারিখ: ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ।
০৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার এর বিরুদ্ধে সরকারি নির্দেশ অমান্য করে তার ইউনিয়ন পরিষদে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষ্যে ড্রপডাউন ব্যানার ব্যবহার ও জাতীয় পতাকা (অর্ধনমিত করে) উত্তোলন না করে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের অভিযোগ স্থানীয় তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, সুনামগঞ্জ বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার এর বিরুদ্ধে সরকারি নির্দেশ অমান্য করে তার ইউনিয়ন পরিষদে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষ্যে ড্রপডাউন ব্যানার ব্যবহার ও জাতীয় পতাকা (অর্ধনমিত করে) উত্তোলন না করে দায়িত্ব পালনে অবহেলা ও অসদাচরণের অপরাধে অপসারণের জন্য কার্যক্রম আরম্ভ করা হয়েছে এবং যেহেতু তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারায় অপরাধ সংঘটিত করায় ৩৪(১) ধারা অনুযায়ী ইউপি চেয়ারম্যান জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার কে তাঁর স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

০৪/০১/২০২২

(মোহাম্মদ আজিজুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪
Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৯০০০.০১৭.২৭.০০৩.২০১৮-১০

তারিখ: ২০ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ।
০৪ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। জনাব মো: সাজ্জাদ মাহমুদ তালুকদার, চেয়ারম্যান (সাময়িক বরখাস্ত) জামালগঞ্জ সদর ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪/০১/২০২২

(মোহাম্মদ আজিজুল ইসলাম)
উপসচিব

D:\Share\UP\sohag\letter-7-12